দৈনিক ইনকিলাব

17 FEB 2003
পৃষ্ঠা ১০ ... ৬

# ইসলামী ব্যাংক ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ

'পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন' আল-কুরআনের এই মহান উচ্চারণই যোগ্য মানুষ তৈরীর প্রত্যয়। ইসলামী ব্যাংক ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ এই প্রেরণায়ই উজ্জীবিত একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান। আজকে বাংলাদেশে মানুষ গড়ার অঙ্গনায় যে মানুষ গড়ার সংকট, তা সম্যক উপলব্ধি করে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড আদর্শ মুসলিম ও সুযোগ্য নাগরিক তৈরীর পরিকল্পনার অংশ হিসেবে প্রযুক্তি ও নৈতিকতার উন্নয়নে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম এক বলিষ্ঠ বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে এই শিক্ষা প্রতিষ্ঠানটির আত্মপ্রকাশ বলে কর্তৃপক্ষের অভিমত।


অবস্থান : ঢাকা শহরের ১৪৭, গ্রীন রোডে ১৮ কাঠা জমির ওপর নির্মিত ভবনের সুবিস্তৃত পরিবেশে ইসলামী ব্যাংক ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের মনোরম সুপরিসর মাঠে রয়েছে ছাত্র-ছাত্রীদের খেলাধুলা ও শরীরচর্চার পর্যাপ্ত সুযোগ। তিনতলার সুবিশাল ভবনের প্রশস্ত শ্রেণীকক্ষসমূহে রয়েছে পাঠোপযোগী খোলামেলা পরিবেশ, যা ছাত্র-ছাত্রীদের মেধা বিকাশ ও আনন্দময় পাঠদানে সহায়ক।

**পরিচালনা বোর্ড ও শিক্ষকমণ্ডলী**

বিশেষ কৃতিত্বের অধিকারী শিক্ষাবিদ, চিন্তাবিদ ও বিজ্ঞজনের সমন্বয়ে গঠিত স্কুল পরিচালনা বোর্ডের সাথে এই প্রতিষ্ঠানের প্রিন্সিপাল হিসেবে রয়েছেন, ফৌজদারহাট ক্যাডেট কলেজ ও রাজশাহী ক্যাডেট কলেজের প্রাক্তন প্রিন্সিপাল ব্রিগেডিয়ার (অবঃ) মোহাম্মদ নূরুজ্জামান। তাঁর সাথে রয়েছেন প্রতিভাধর, কর্মঠ, তরুণ ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী।

**সুযোগ-সুবিধা**

ইসলামী শিক্ষার সাথে এখানে রয়েছে বিশ্বমানের আধুনিক শিক্ষার অপূর্ব সমন্বয়, লন্ডন বিশ্ববিদ্যালয়ের অধীনে 'ও'-লেভেল, 'এ'-লেভেল পড়ার সুযোগ; ইসলামী শিক্ষার মাধ্যমে উন্নত নৈতিক চরিত্র গঠন ও কোরআনের ভাষা শিক্ষা ও আরবীতে দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা; স্ট্যান্ডার্ড টু থেকে ছাত্র-ছাত্রীদের পৃথক শ্রেণীকক্ষে পাঠদানের ব্যবস্থা; করো এবং শেখো পদ্ধতির অনুসরণ; বাস্তব জ্ঞান লাভের জন্য শিক্ষা সফরের আয়োজন; বনভোজন, খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রমের মাধ্যমে শিক্ষাকে সুন্দর ও আকর্ষণীয় করে তোলার ব্যবস্থা; শ্রেণীকক্ষে আনন্দের সাথে পাঠদান; সুন্দর লেখা ও সুন্দর-বলার অভ্যাস সৃষ্টি; রচনা ও বক্তৃতা প্রতিযোগিতা,



দেয়ালিকা, ম্যাগাজিন প্রকাশের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সৃষ্টিশীল প্রতিভার বিকাশ সাধন; নৈতিক উন্নয়নে সাপ্তাহিক ইসলামী ওরিয়েন্টেশন ক্লাস; কেরাত, আবৃত্তি, গান ও আর্টের বিশেষ ক্লাস এবং শারীরিক বৃদ্ধি নিরূপণ ও স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা।

**শিক্ষক-অভিভাবক সেতুবন্ধন**

শিক্ষক-অভিভাবক সুসম্পর্ক শিক্ষার অন্যতম প্রধান সহায়ক। আর যে কারণেই শিক্ষক-অভিভাবক ও শিক্ষার্থীদের মধ্যে সুসম্পর্ক স্থাপনের লক্ষ্যে, শিক্ষক-অভিভাবক সমাবেশ এবং শিক্ষার মানোন্নয়ন ও ছাত্র-ছাত্রীদের বিভিন্ন সমস্যার সমাধানকল্পে প্রশাসন শিক্ষক ও অভিভাবকদের নিয়েও নিয়মিত মতবিনিময় ও মূল্যায়ন বৈঠক অনুষ্ঠিত হয়। এছাড়াও অভিভাবকরা যে কোন সময়, যে কোন প্রয়োজনে তাঁদের সন্তানের সুষ্ঠু লেখাপড়ার বিষয়ে শিক্ষকদের সাথে যোগাযোগ ও আলাপ-আলোচনা করতে পারেন।

**ইসলামী ওরিয়েন্টেশন প্রোগ্রাম**

নৈতিক শিক্ষার অভাব, পারিবারিক বিচ্ছিন্নতা আর মারদাঙ্গা অশ্লীল ছবির প্রভাবে অবক্ষয়ের শিকার হচ্ছে আমাদের ফুলের মত শিশুরা। এ অবস্থা থেকে মুক্তির উপায় একটিই- সেটি হচ্ছে, পড়ালেখার পাশাপাশি ছেলে-মেয়েদেরকে সচ্চরিত্রের অধিকারী করে গড়ে তোলা। আর এই উদ্দেশ্যকে সামনে রেখে এখানে স্ট্যান্ডার্ড ওয়ান থেকেই ছাত্র-ছাত্রীরা বাধ্যতামূলক নামাজ পড়ে থাকে। শুধু তাই নয়, প্রতিদিন যোহর নামাজ শেষে সংক্ষিপ্ত সময়ে এবং সপ্তাহে একদিন দীর্ঘ সময় নিয়ে ইসলামী ওরিয়েন্টেশন প্রোগ্রামে মিলিত হয়।

**আধুনিক তথ্য-প্রযুক্তির সমন্বয়**

বর্তমানে কম্পিউটার একটি অপরিহার্য বিষয়। তাই এই কম্পিউটার প্রযুক্তিকে এখানেও অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা হয়। তাই, স্ট্যান্ডার্ড থ্রী থেকে এখানকার ছাত্র-ছাত্রীদের জন্য বাধ্যতামূলক কম্পিউটার শিক্ষার ব্যবস্থা রয়েছে। এছাড়া, এখানকার ছাত্র-ছাত্রীদের আনা-নেয়ার জন্য দক্ষ সুপারভাইজারের তত্ত্বাবধানে তুলনামূলক কম খরচে নিজস্ব টান্সপোর্ট সুবিধা রয়েছে।

**ভর্তি পদ্ধতি**

প্রতিষ্ঠানের নির্ধারিত ফরমে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে আবেদন করতে হয়। আসনসংখ্যা নির্ধারিত বিধায় নির্ধারিত সভাকক্ষের মেধা যাচাইয়ের মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়।

❑ রেহানা আতিক